



স্বাক্ষরকৃতের নাম: : দৈনিক উর্নিবাংলা প্রতিদিন
প্রকাশনার স্থান : ময়মনসিংহ
তারিখ : ০৫.০৯.২০২৩

সংবাদ :
সম্পাদকীয় :
প্রবন্ধ/চিত্রপত্র :

শেরপুরে ৪ দফা দাবিতে ম্যাটস শিক্ষার্থীদের বিক্ষোভ D.H ও ইন্টার্নদের অনিদিষ্ট কালের জন্য কর্মবিরতি



সুদূর মুহুর্তে সারাদেশে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) শিক্ষার্থীদের ৪ দফা দাবির লক্ষ্যে শেরপুরে ম্যাটস শিক্ষার্থীবৃন্দ ও ২৫০ শতাব্দীশিষ্ট জেলা সদর হাসপাতালের ডিএমএফ ইন্টার্ন চিকিৎসকরা অনিদিষ্টকালের জন্য কর্মবিরতি-মানববন্ধন কর্মসূচি পালন করেছে। ৪ সেপ্টেম্বর সোমবার শহরের নিউমার্কেট মোড় এক জেলা সদর হাসপাতালের সামনে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। মানববন্ধনে বক্তব্য রাখেন ইন্টার্নশীপ ডিএমএফ'র শেরপুর জেলা সদর হাসপাতাল শাখার সভাপতি রকিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মাহবুবুর রহমান, ইন্টার্ন চিকিৎসক মেহেন্নী, রাকিব, সাকিব, জাকিয়া জাহ্নাত রিমু, মায়িরা প্রহর। বক্তারা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রত্যন্ত অঞ্চলের মানুষদের জন্য স্বল্প সময়ে অল্প অর্থ করে কেবলমাত্র চিকিৎসক যেন তৈরি হতে পারেন সেই জন্য আমাদের এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছেন। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয়, গত এক যুগ বন্ধ থাকা ম্যাটসের শিক্ষার্থীদের জন্য সরকারিভাবে কোন নিয়োগ দেওয়া হচ্ছে না। উপরন্তু ইন্টার্নশীপ বাতিলের কথা হচ্ছে। বক্তারা অনতিবিলম্বে ইন্টার্নশীপ বহাল রেখে কোর্স কারিকুলাম সংশোধন, এলাইভ হেলথ বোর্ড বাতিল করে 'মেডিকেল এডুকেশন অব বাংলাদেশ' নামে স্বতন্ত্র বোর্ড গঠন, কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নিয়োগ দেওয়া ও বঙ্গবন্ধুর পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুযায়ী উচ্চ শিক্ষার সুযোগ দেওয়ার আহ্বান জানান। ওইসময় প্রায় দেড়শ ইন্টার্নশীপ ডিএমএফ চিকিৎসক ও শিক্ষার্থী উপস্থিত ছিলেন।